
# এভি ভ্যান প্রদর্শনী বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস্




USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

BKMI
Communication · Capacity · Quantification

রেবেকা আরনল্ড
প্রজেক্ট ডাইরেক্টর
বাংলাদেশ নলেজ ম্যানেজমেন্ট ইনিশিয়েটিভ (বিকেএমআই)
মিরপুর-১১, ঢাকা-১২১৬

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অংশীদারিত্বে এবং তথ্য, শিক্ষা ও উদ্বুদ্ধকরণ (IEM) ইউনিট, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো (BHE) ও জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (IPHN)-এর সরাসরি অংশগ্রহণের মাধ্যমে BKMI প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্প বাস্তবায়নে আর্থিক সহায়তা দিচ্ছে ইউএসআইডি এবং কারিগরি সহায়তা প্রদান করছে বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)। বিকেএমআই বাংলাদেশে আচরণ পরিবর্তন যোগাযোগ কার্যক্রমকে শক্তিশালী করা এবং স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন ও সমন্বিতভাবে পরিচালনায় সহায়তা দিয়ে আসছে। বাংলাদেশে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি অবস্থার উন্নয়নে সামাজিক ও আচরণ পরিবতর্ন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রমের ক্ষেত্রে বিনোদনের মাধ্যমে শিক্ষাদানের প্রক্রিয়ায় 'এভি ভ্যান শো' একটি উল্লেখযোগ্য কার্যক্রম। প্রত্যন্ত অঞ্চলে বিশেষত যে সকল এলাকায় রেডিও, টিভি বা সংবাদপত্রের মতো প্রচারমাধ্যমগুলো পৌছাতে পারে না, সেই এলাকাগুলোতে 'এভি ভ্যান শো' স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টির বিষয়ে সচেতন করার জন্য প্রয়োজনীয় তথ্য ও বার্তাসমূহ পৌছানোর একটি গুরুত্বপূর্ণ মাধ্যম।

তাই স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে 'এভি ভ্যান শো' পরিচালনা, এর মনিটরিং ও প্রতিবেদন প্রদানের প্রক্রিয়াকে জোরদার করা প্রয়োজন। এ লক্ষ্যে বিকেএমআই 'এভি ভ্যান শো বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস' জব-এইডটি প্রণয়ন করেছে। এই গাইডলাইনটি এভি ভ্যান শো বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন এবং মনিটরিংএ সহায়তা করবে।

এই টুলস্‌টির মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এবং মন্ত্রণালয়ের পাশাপাশি অন্যান্য সাহায্য সংস্থা কিংবা এনজিও'র এভি ভ্যান কার্যক্রম শক্তিশালীকরণের ক্ষেত্রে সহায়তা প্রদান করতে পেরে বিকেএমআই আনন্দিত।

বিকেএমআই এর কারিগরি সহায়তায় স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য শিক্ষা ব্যুরো ও জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটএর আন্তরিক সহযোগিতায় এই টুলস্‌টি তৈরি করা হয়। বাংলাদেশের এসবিসিসি কার্যক্রমের মান উন্নয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের তিনটি ইউনিটের নেতৃত্ব এবং অঙ্গীকারকে বিকেএমআই অভিনন্দন জানাচ্ছে।

আমি প্রত্যাশা করি এই গাইডলাইনটি বাংলাদেশের সার্বিক উন্নয়নে অবদান রাখবে এবং সাসটেইনএবল ডেভেলপমেন্ট গোলসমূহ (এসডিজি) অর্জনে সহায়ক হবে।

**মিঃ মোঃ ফেরদৌস আলম**
**যুগ্ম সচিব**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**ও**
**পরিচালক, আইইএম**
**পরিবার পরিকল্পনা অধিদপ্তর**
**৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।**

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রমে নিয়োজিত সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানসমুহও বিভিন্ন ধরণের যোগাযোগ কার্যক্রম পরিচালনা করে আসছে। এই যোগাযোগ কার্যক্রমের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিকল্পে স্টেকহোল্ডারগণ যোগাযোগ মাধ্যম নির্বাচনপূর্বক বিভিন্ন ধরণের যোগাযোগ উপকরণ প্রস্তুত করে থাকেন।

যোগাযোগের ক্ষেত্রে কোন একটি বিশেষ মাধ্যমকে একমাত্র বা সর্বশেষ মাধ্যম বলে বিবেচনার সুযোগ নেই। তবে বিভিন্ন জরীপ ও সমীক্ষা থেকে জানা যায় দেশের দূরবর্তী ও দূর্গম অঞ্চল বিশেষ করে মিডিয়া ডার্ক বলে পরিচিত অঞ্চলসমূহে বসবাসকারী মানুষকে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টির বিষয়ে সচেতন করার জন্য অতিপ্রয়োজনীয় তথ্য ও বার্তাসমূহ পৌঁছানোর ক্ষেত্রে ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনী একটি গুরুত্বপূর্ণ মাধ্যম।

ফলে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য শিক্ষা ইউনিট এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে আচরণ পরিবর্তন যোগাযোগ কার্যক্রমের অংশ হিসাবে মাঠপর্যায়ে 'এভি ভ্যান শো' বা ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনী পরিচালনা করে আসছে।

এই ভ্রাম্যমান চলচ্চিত্র কার্যক্রমকে দক্ষতা ও সফলতার সাথে পরিচালনার উদ্দেশ্যে ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় পরিচালিত বিসিসি কার্যক্রমে সহায়তাকারী সংস্থা বিকেএমআই-এর কারিগরি সহায়তায় 'এভি ভ্যান শো বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস্' টি প্রণীত হয়েছে।

আমি আশা করছি স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে মাঠ পর্যায়ে সরকারি ও বেসরকারি সংস্থার মাধ্যমে ভ্রাম্যমান চলচ্চিত্র কার্যক্রম পরিচালনায় এই গাইডলাইন গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

**ডাঃ এ. বি. এম. মুজহারুল ইসলাম**
পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও
লাইন ডাইরেক্টর এনএনএস
মহাখালী,ঢাকা-১২১২।

স্বাস্থ্য খাতে বাংলাদেশে অগ্রগতি অব্যাহত রয়েছে এবং এর মাধ্যমে আন্তর্জাতিক ও আঞ্চলিক পর্যায়ে বাংলাদেশ যথেষ্ট সুখ্যাতি অর্জন করেছে। এটা আজ সর্বজনস্বীকৃত। কিন্তু মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে এই অগ্রগতি উল্লেখযোগ্য হলেও দেশের সামগ্রিক পুষ্টি পরিস্থিতি বিবেচনায় আমরা কিছুটা পিছিয়ে আছি। এর একটি গুরুত্বপূর্ণ কারণ হচ্ছে পুষ্টি ক্ষেত্রে আচরণ পরিবর্তন যোগাযোগ (বিসিসি) কার্যক্রমে তুলনামূলকভাবে পিছিয়ে থাকা।

পুষ্টি উন্নয়নের ক্ষেত্রে সারাদেশের জনগণকে হালনাগাদ তথ্য ও বার্তা প্রদানের লক্ষ্যে আচরণ পরিবর্তন যোগাযোগ (বিসিসি) কার্যক্রম আরও জোরদার করার প্রয়োজন রয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির বাস্তবায়নে বিসিসি কার্যক্রম জোরদার করার প্রয়াস নেয়া হয়েছে। এ কার্যক্রমকে জোরদার করার জন্য একটি পৃথক বিসিসি টিম গঠণ করে নতুন নতুন উপকরণ তৈরী ও বিশেষ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এতে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় পরিচালিত বিসিসি কার্যক্রমে সহায়তাকারী সংস্থা 'বিকেএমআই' নিয়মিত সহায়তা প্রদান করে যাচ্ছে।

আচরণ পরিবর্তন যোগাযোগ কার্যক্রমকে সফল করার অংশ হিসাবে বিনোদনের মাধ্যমে শিক্ষামূলক কর্মসূচি হিসাবে এভি ভ্যান শো কার্যক্রম দক্ষতার সাথে বাস্তবায়নের লক্ষ্যে বিকেএমআই এর সহায়তায় এভি ভ্যান শো বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস্ প্রণয়ন করা হয়েছে।

এই টুলস্‌টিতে প্রত্যন্ত অঞ্চলে বিশেষত: যে সকল এলাকায় রেডিও, টিভি বা সংবাদপত্রের মত প্রচারমাধ্যমগুলো পৌঁছাতে পারে না বা পৌঁছালেও সাধারণ মানুষ নানাবিধ কারণে এর সুবিধা পায় না, সেই এলাকাগুলোতে 'এভি ভ্যান শো' আয়োজনের ধারাবাহিক পদক্ষেপসমূহ দেয়া আছে। ফলে এর মাধ্যমে এভি অপারেটরগণ দক্ষতার সাথে চলচ্চিত্র আয়োজন এবং এর মাধ্যমে দক্ষতার সাথে বার্তা পৌঁছানো নিশ্চিত করতে পারবেন।

আমি আশা করি পুষ্টি বিষয়ক হালনাগাদ তথ্য ও বার্তা প্রদানে কার্যকর ও সফল ভ্রাম্যমান চলচ্চিত্র কার্যক্রম পরিচালনায় এই টুলস্‌টি গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

**ডাঃ এ. বি. এম. মুজহারুল ইসলাম**

**মিসেস শরীফা বেগম**
**চীফ্**
**স্বাস্থ্য শিক্ষা ব্যুরো**
**স্বাস্থ্য অধিদপ্তর**
**মহাখালী, ঢাকা-১২১২।**

বাংলাদেশে সকল শ্রেণীর নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি বাস্তবায়ন করছে। এই কর্মসূচি বাস্তবায়নে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে সেবা প্রদানের পাশাপাশি সেবার চাহিদা সৃষ্টি ও গুণগত মান উন্নয়নের লক্ষ্যে সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রমের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে।

স্বাস্থ্যসেবা খাতে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানসমুহও নিয়মিত তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণের কাছে সেবাসমূহ পৌঁছানোর প্রয়াস অব্যাহত রাখছে। এই লক্ষ্যে দেশের দূরবর্তী ও দূর্গম অঞ্চল এবং মিডিয়া ডার্ক বলে চিহ্নিত অঞ্চলসমূহে জনগণের জনসচেতনতা সৃষ্টির অভিপ্রায়ে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো দীর্ঘদিন যাবত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপকভাবে প্রচার-প্রচারণার জন্য বিভিন্ন প্রকার মুদ্রণ সামগ্রী প্রস্তুত, বিতরণ ও প্রদর্শন এবং বেতার- টেলিভিশনে ক্যাম্পেইন ও মাঠ পর্যায়ে এভি ভ্যান যোগে চলচ্চিত্র প্রদর্শন কার্যক্রম পরিচালনা করে আসছে। এর ফলে গ্রামীন জনগণকে বিনোদনের মাধ্যমে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে তথ্য ও বার্তা প্রদান একদিকে যেমন সহজ হচ্ছে, অপরদিকে তেমনি হৃদয়গ্রাহী বিধায় তা জনমনে আবেদন সৃষ্টি করে আচরণ পরিবর্তনে ব্যাপক ভুমিকা রাখছে।

কিন্তু এই কার্যক্রমের সফলতা নির্ভর করে এই কার্যক্রমের সাথে জড়িত কর্মীদের দক্ষতা ও আন্তরিকতার উপর। এই এভি ভ্যানযোগে চলচ্চিত্র প্রদর্শন সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত জানামতে অডিও-ভিজুয়াল অপারেটরদের কারিগরী জ্ঞান বৃদ্ধি ও কার্যক্রমের সফলতা যাচাইয়ের ব্যবস্থাপনা বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রয়োজন। এই কার্যক্রমের মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শিত হলে দর্শকদের সাথে সরাসরি যোগাযোগ সম্পাদন ব্যবস্থার দুর্বলতা দুরীভূত হবে।

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় পরিচালিত বিসিসি কার্যক্রমে সহায়তাকারী সংস্থা বিকেএমআই এলক্ষ্যে ভ্রাম্যমান চলচ্চিত্র কার্যক্রম পরিচালনাকারীদের দক্ষতা ও সফলতার সাথে শো আয়োজন এবং জনগণের সাথে সরাসরি যোগাযোগ সৃষ্টির প্রয়াস অব্যাহত রাখার জন্য ”এভি ভ্যান শো বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস্”টি প্রণয়ন করেছে।

আশা করি স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে এভি ভ্যান শো বা ভ্রাম্যমান চলচ্চিত্র কার্যক্রম পরিচালনায় এই টুলস্‌টি সংশ্লিষ্ট কর্মীদের সহায়তা করতে বিশেষ ভূমিকা রাখবে।

# এভি ভ্যান প্রদর্শনী বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস্

**সূচনা**

অডিও-ভিজ্যুয়াল ভ্যানের মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শনীর মধ্য দিয়ে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে শিক্ষামূলক বার্তা জনগণের কাছে সরাসরি উপস্থাপন করে। প্রত্যন্ত অঞ্চলে বিশেষতঃ যে সকল এলাকায় রেডিও, টিভি বা সংবাদপত্রের মতো প্রচার মাধ্যমগুলো পৌঁছাতে পারে না বা পৌঁছালেও সাধারণ মানুষ নানাবিধ কারণে এর সুবিধা পায় না, সেই এলাকাগুলোতে 'এভি ভ্যান শো' অত্যন্ত কার্যকর একটি মাধ্যম। এইসব এলাকার জনগণকে অবহিত করার জন্যে সুবিধাজনক সময়ে এবং স্থানে এই প্রদর্শনীর আয়োজন করে সহজেই প্রয়োজনীয় বার্তাগুলো তাদের কাছে পৌঁছে দেওয়া যায়। এই অডিও-ভিজ্যুয়াল চলচ্চিত্র প্রদর্শনী কর্মসূচিতে আগত জনগোষ্ঠীকে প্রশ্ন-উত্তরের সুযোগ প্রদান করে ও নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করে এর উন্নয়ন ঘটানো যেতে পারে। এই গুরুত্বপূর্ণ কার্যক্রম সার্বিকভাবে বাস্তবায়ন ও মনিটরিংয়ের জন্যে এই গাইডলাইন তৈরী করা হয়েছে। এছাড়াও এই সময়ে মুদ্রিত বিভিন্ন যোগাযোগ উপকরণ, যেমন- পোস্টার, লিফলেট, স্টিকার ইত্যাদি প্রদর্শন কিংবা বিতরণ করা যেতে পারে।

এই টুলসমূহের ব্যবহারকারী হচ্ছেন- স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে আচরণ পরিবর্তন যোগাযোগ বা বিসিসি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের নিম্নে বর্ণিত কর্মকর্তাগণ:

* **কেন্দ্রীয় পর্যায়:** প্রোগ্রাম ম্যানেজার/ ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার/ প্রশিক্ষন ও মাঠ কর্মকর্তা/ প্রজেকশনিস্ট/ অডিও- ভিজ্যুয়াল অপারেটর (এভিও) / এভি ভ্যান চালক।

* **বিভাগ/ জোন/ জেলা পর্যায়:** বিভাগীয় পরিচালক/ সিভিল সার্জন/ উপপরিচালক (পপ)/ স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা (সিনিয়র/ জুনিয়র)/ এভি সরঞ্জাম মেকানিক, প্রজেকশনিস্ট/ অডিও- ভিজ্যুয়াল অপারেটর (এভিও), এভি ভ্যান চালক।

* **উপজেলা পর্যায়:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/ সহকারি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ স্বাস্থ্য পরিদর্শক/ পরিবার পরিকল্পনা পরিদর্শক ও সংশ্লিষ্ট সেবাপ্রদানকারী।

এই গাইডলাইনটিতে অডিও-ভিজ্যুয়াল শো বা চলচ্চিত্র প্রদর্শনী পরিচালনা, প্রতিবেদন প্রদান ও মনিটরিংয়ের চারটি টুলস্ অন্তর্ভুক্ত করা হয়েছে; যা চলচ্চিত্র প্রদর্শনীর সামগ্রিক বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়নে সহায়তা করবে। এগুলো হলো:

১। এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনীর জন্যে করণীয় ধাপসমূহ;

২। প্রজেকশনিস্ট/এভিওদের জন্যে প্রতিবেদন ফরম;

৩। মনিটরিং চেকলিস্ট; এবং

৪। এভি ভ্যান প্রদর্শনীর মাসিক অগ্রগতি প্রতিবেদন।

সারণী-১-এ উদ্দিষ্ট ব্যবহারকারী, করণীয় এবং ব্যবহারকাল বর্ণনা করা হলো।

**সারণী-১**

| ক্রমিক নং | টুল/ জব-এইড | উদ্দিষ্ট ব্যবহারকারী | করণীয় | ব্যবহারকাল |
|---|---|---|---|---|
| ১. | এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের ধাপসমূহ | এই টুলটি প্রধানত: এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নকারী প্রজেকশনিস্ট বা অন্য কর্মকর্তাদের জন্য, যারা এভি ভ্যান শো আয়োজন ও পরিচালনা করেন। এতে এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনী আয়োজনের আগে, প্রদর্শনী চলার সময় ও প্রদর্শনীর পরে করণীয় কাজগুলো বর্ণনা করা হয়েছে। সুপারভাইজার বা চলচ্চিত্র প্রদর্শনী মনিটরিং কর্মকর্তাদেরও বাস্তবায়িত কার্যক্রমের বিষয়ে ধারণা থাকা প্রয়োজন। | এতে মূলতঃ একজন প্রজেকশনিস্ট/ এভিও-কে কী করতে হবে তার উল্লেখ রয়েছে। চলচ্চিত্র প্রদর্শনী কার্যক্রম মূলতঃ তিনটি অংশে বিভক্ত- প্রদর্শনী-পূর্ব, প্রদর্শনীকালীন এবং প্রদর্শনী-পরবর্তী। এই ৩টি অংশের প্রতিটি ধাপে কোন কোন কাজগুলো করতে হবে সেটা এই জব-এইড-এ সুনির্দিষ্ট করে বর্ণনা করা হয়েছে। এই নির্দেশাবলী প্রজেকশনিস্ট/ এভিওদের যথাযথভাবে এবং ধারাবাহিকভাবে অনুসরণ করতে হবে যাতে কোনো কিছু বাদ পড়ে না যায়। | প্রতিটি এভি ভ্যান প্রদর্শনী আয়োজনের প্রস্তুতি গ্রহণের সময় থেকে শুরু করে প্রদর্শনীর সমাপ্তি পর্যন্ত। |
| ২ | প্রজেকশনিস্ট/ এভিওদের জন্যে প্রতিবেদন ফরম | প্রতিটি এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনী শেষে বর্ণনা লিপিবদ্ধ করার জন্যে এই প্রতিবেদন ছকটি তৈরি করা হয়েছে। প্রজেকশনিস্ট বা অডিও-ভিজ্যুয়াল অপারেটরদের এবং সংশ্লিষ্ট ডেস্ক অফিসারদেরও এই ফরমটির বিষয়ে ভালো ধারণা থাকা আবশ্যক। কারণ, ডেস্ক অফিসারকে পরে তথ্যগুলো সংকলন করতে হবে। প্রজেকশনিস্ট বা অডিও-ভিজ্যুয়াল অপারেটরগণ প্রতিটি প্রদর্শনী শেষে এই ছক পূরণ করবেন এবং তাদের সুপারভাইজারের নিকট জমা দিবেন। | এটি কিছু নির্দিষ্ট তথ্য সংগ্রহের একটি টুল। শুরুতে চলচ্চিত্র প্রদর্শনী সংক্রান্ত সাধারণ তথ্যাদির অংশ। এরপরের অংশে দর্শকদের যে বিষয়গুলোতে আগ্রহ দেখা গিয়েছে, তারা যেসব প্রশ্ন করেছেন, কুইজ প্রশ্নের তালিকা এবং প্রদর্শনীকালীন কোনো সমস্যা হয়েছে কিনা- সেই তথ্যগুলো লিখতে হবে। এভি-ভ্যান চালকের কাজের মূল্যায়নও এই টুলে অন্তর্ভুক্ত রয়েছে। | প্রতিটি এভি ভ্যান প্রদর্শনীর সময় |
| ৩ | মনিটরিং চেকলিস্ট | এই টুলটি এভি ভ্যান শো কার্যক্রম মনিটরিং কর্মকর্তাদের ব্যবহারের জন্য। এ ক্ষেত্রে ‘মনিটরিং কর্মকর্তা’ বলতে | এতে চলচ্চিত্র প্রদর্শনীটি সম্পর্কে সাধারণ তথ্য, কার্যক্রমের মান কোন পর্যায়ের, কোনো সমস্যা হয়ে থাকলে সেটি, এই কার্যক্রম উন্নয়নের যদি | এভি ভ্যান প্রদর্শনী মনিটরিংয়ের সময় |

| ক্রমিক নং | টুল/ জব-এইড | উদ্দিষ্ট ব্যবহারকারী | করণীয় | ব্যবহারকাল |
|---|---|---|---|---|
| | | ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার/ জোনাল ম্যানেজার/ উপ-পরিচালক (পপ)/ স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা (সিনিয়র/ জুনিয়র)/ প্রশিক্ষণ ও মাঠ কর্মকর্তা/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)দের বোঝানো হয়েছে। | কোনো পরামর্শ থাকে এবং সম্পাদিত সামগ্রিক কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বর্ণনা অন্তর্ভুক্ত করতে হবে। প্রতিটি প্রদর্শনীর জন্য ভিন্ন ভিন্ন চেকলিস্ট পূরণ করতে হবে। মনিটরিং কর্মকর্তা কোন প্রদর্শনীটি মনিটর করবেন তা তিনি দৈবচয়নের ভিত্তিতে নির্ধারণ করতে পারেন। এজন্য তার এলাকার সকল প্রদর্শনী মনিটরিং করা বাধ্যতামূলক নয়। তবে কমপক্ষে প্রদর্শনীর বার্ষিক/ মাসিক পরিকল্পনার এক-চতুর্থাংশ মনিটর করা বাঞ্ছনীয়। | |
| ৪ | এভি ভ্যান শো-র মাসিক অগ্রগতি প্রতিবেদন | প্রতি মাসে অনুষ্ঠিত এভি ভ্যান শো-র তথ্যাদি সংকলিত করার জন্য কেন্দ্রীয়/ জোন/ বিভাগ/ জেলা পর্যায়ের মনিটরকারীগণ এই টুলটি ব্যবহার করবেন। এই ফরমের মাধ্যমে তথ্যাদি প্রজেকশনিস্ট পর্যায় থেকে তত্ত্বাবধায়কের মাধ্যমে কেন্দ্রীয় পর্যায়ের ডেস্ক অফিসারের কাছে পৌঁছাবে। | এটি চলচ্চিত্র প্রদর্শনীর পুরো মাসের তথ্য সংকলনের জন্য ব্যবহৃত প্রতিবেদন ছক। এতে রয়েছে- প্রদর্শনীর পরিকল্পিত সংখ্যা; সম্পাদিত প্রদর্শনীর সংখ্যা; প্রজেকশনিস্ট/এভিও ও চালকের নাম; প্রজেকশনিস্ট/এভিও প্রতিবেদন দাখিল করেছেন কি-না সেই তথ্য; মনিটরিং কর্মকর্তার নাম, পদবী, ফোন নং, প্রজেকশনিস্ট/ এভিও/ চালকদের অগ্রগতির প্রতিবেদন; সরঞ্জামের অবস্থা- এভি ভ্যান গাড়ী ও সরঞ্জাম; মন্তব্য ও ফরম পূরণকারী কর্মকর্তার নাম ও স্বাক্ষর। এখানে ১-১৩ কলামের মধ্যে তথ্য সন্নিবেশ করতে হবে। স্থানাভাবে শুধুমাত্র প্রতিনিধিত্বমূলক সংকেত ব্যবহার করে তথ্য প্রদান করা যাবে। | প্রতি মাসের শেষে একবার |

## টুলসমূহ ব্যবহারের নিয়মাবলী

* **প্রজেকশনিস্ট/এভিওদের করণীয় ধাপসমূহ (সংযোজনী-১):** এই ডকুমেন্টটি জব এইড হিসেবে বিবেচনা করা হয়। এতে বর্ণিত নির্দেশাবলী প্রজেকশনিস্ট/ এভিওদের যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং তা ধারাবাহিকভাবে সম্পন্ন করতে হবে যাতে কোনো কিছু বাদ পড়ে না যায়।
* **প্রজেকশনিস্ট/এভিওদের জন্যে প্রতিবেদন ফরম (সংযোজনী-২):** এতে বর্ণিত সবগুলো অংশই সঠিকভাবে পূরণ করতে হবে। অংশ ১২-এ বর্ণিত প্রদর্শনীর ছবি/ ভিডিও দাখিলের বিষয়টি নির্ভর করে ডিজিটাল ক্যামেরা আছে কি-না তার ওপর। সুতরাং বিষয়টিকে ঐচ্ছিক হিসেবে রাখা হয়েছে। অংশ-১৩ হচ্ছে এভি ভ্যান চালকদের কাজের মান-নির্ধারণের জন্য, যা প্রজেকশনিস্ট/ এভিওগণ সম্পাদন করবেন। এর তিনটি ভাগে বর্ণিত ৮টি কার্যক্রমের প্রতিটিতে টিক চিহ্ন দিতে হবে। সংশ্লিষ্ট কর্মচারীদের স্ব-স্ব ক্ষেত্রে মান

নির্ধারণের নিমিত্ত শেষের দিকে এসব টিক চিহ্ন যোগ করে দেখতে হবে। যাদের ৭টি বা ততোধিক ‘হ্যাঁ’ টিকচিহ্ন রয়েছে বা ≥৯০% অর্জন করতে সক্ষম, তারা **‘অতি উত্তম’**; যাদের ৫-৬টি ‘হ্যাঁ’ টিকচিহ্ন রয়েছে বা ≥৭০%, তারা **‘উত্তম’**; কিন্তু যাদের ৪ বা তার কম ‘হ্যাঁ’ টিকচিহ্ন রয়েছে (≤৬৯%) তাদের অর্জন **‘নিম্ন মানের’**।

* **মনিটরিং চেকলিস্ট (সংযোজনী-৩):** এতে বর্ণিত সবগুলো অংশই যথাযথভাবে পূরণ করতে হবে। অংশ-৪ হচ্ছে প্রজেকশনিস্ট/এভিওদের কার্যক্রমের মান নির্ধারণের জন্য। এখানে মূলত দুটি প্রধান অংশে **১৬টি** বিষয় উল্লেখ করা হয়েছে। মনিটরিং কর্মকর্তাগণ বর্ণিত **১৬টি** বিষয়ের ওপর ‘হ্যাঁ’ বা ‘না’ টিক চিহ্ন দিবেন। যদি ‘হ্যাঁ’ টিকচিহ্ন **১৪টি** বা তারও বেশি হয় (≥৯০%) তবে তা **‘অতি উত্তম’** হিসেবে নির্ধারিত হবে। যদি **১১-১৩টি** ‘হ্যাঁ’ টিকচিহ্ন হয় (≥৭০%) তবে তার মান **‘উত্তম’** হিসেবে নির্ধারিত হবে। যদি **১০টি** বা তারও নিচে ‘হ্যাঁ’ টিক চিহ্ন হয় (≤ ৬৯%) তবে তার অর্জন **‘নিম্ন মানের’**।
* **এভি ভ্যান শো-র মাসিক অগ্রগতি প্রতিবেদন (সংযোজনী-৪):** এখানে ১-১৩ কলামের মধ্যে তথ্য সন্নিবেশ করতে হবে। স্থানাভাবে শুধুমাত্র প্রতিনিধিত্বমূলক সংকেত ব্যবহার করে তথ্য প্রদান করতে হবে।

**মনে রাখবেন:** উত্তরদাতাদের জবাব যাতে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয় এবং সবশেষে যেন পদবীসহ স্বাক্ষর প্রদান করা হয়।

## এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনীর জন্য করণীয় ধাপসমূহ

### ক. প্রদর্শনীর পূর্বে:

১। **চলচ্চিত্র প্রদর্শনীর জন্যে একটি পরিকল্পনা (তালিকা)** প্রণয়ন হলো প্রাথমিক কাজ। এ তালিকাটি অর্থ-বছরের শুরুতেই করা উচিত এবং প্রতি তিন মাস অন্তর তা পর্যালোচনা করে দেখা উচিত। এতে কোনো পরিবর্তন হলে তা সঙ্গে সঙ্গে অন্তর্ভুক্ত করা উচিত।

২। প্রদর্শনীর বিষয়/ প্রতিপাদ্য নির্ধারণ করে সেভাবে ভিডিও বাছাইপূর্বক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করুন। বিষয়ভিত্তিক উপযুক্ত উদ্দিষ্ট জনগোষ্ঠী নির্বাচন করুন। লিখিত আকারে সংশ্লিষ্টদের পরিকল্পনাটির অনুলিপি দিন ও সংরক্ষণ করুন।

৩। সংশ্লিষ্ট জোনের স্থানীয় **পরিবার পরিকল্পনা পরিদর্শক (এফপিআই)/ স্বাস্থ্য পরিদর্শক (এইচআই)/ সহকারি স্বাস্থ্য পরিদর্শক (এএইচআই)**দের সাথে চলচ্চিত্র প্রদর্শনীর কমপক্ষে সাত দিন পূর্বে যোগাযোগ করে তাদেরকে তারিখ, সময় ও প্রদর্শনীর বিষয় এবং উদ্দিষ্ট জনগোষ্ঠী সম্পর্কে অবহিত করুন, যাতে তারা নিচে বর্ণিত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে সক্ষম হন।

(ক) স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে প্রদর্শনীর নির্ধারিত স্থানের জন্য অনুমতি গ্রহণ করতে পারেন।

(খ) প্রদর্শনীর স্থানটি যাতে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী প্রস্তুত রাখতে পারেন।

(গ) উদ্দিষ্ট জনগোষ্ঠী যাতে প্রদর্শনীতে অংশগ্রহণে সক্ষম হন সেজন্য অবহিত করার/ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন।

(ঘ) মাঠ পর্যায়ে প্রদত্ত সেবার তথ্যাদি প্রস্তুত রাখতে পারেন।

(ঙ) সেবাপ্রদানকারীদের উপস্থিতি নিশ্চিত করতে পারেন।

(চ) কমিউনিটির জনগণ/ স্থানীয় নেতৃবৃন্দ/ বেসরকারি সংস্থা/ সরকারি কর্মকর্তাগণকে প্রদর্শনী সম্পর্কে অবহিত করতে পারেন এবং বিষয়টি প্রয়োজনে স্মরণ করিয়ে দিতে পারেন।

৪। **প্রজেকশনিস্ট/এভিওদের নিজস্ব প্রস্তুতি:** চলচ্চিত্র প্রদর্শনীর কমপক্ষে সাত দিন পূর্বে শো'র বিষয়বস্তু নির্ধারণ করতে হবে।

(ক) প্রচারযোগ্য বিষয়টি পূর্বাহ্নে দেখে এ সম্পর্কে নিজেরা ধারণা নিন এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর জন্যে তা যথার্থ মর্মে নিশ্চিত হোন।

(খ) শ্রোতাদের সম্ভাব্য প্রশ্নের উত্তর প্রস্তুত রাখুন এবং স্থানীয়ভাবে প্রদানযোগ্য পরিবার পরিকল্পনা সেবা প্রস্তুত রাখুন।

(গ) শ্রোতাদের কুইজে অংশগ্রহণের জন্যে প্রশ্ন প্রস্তুত করুন। এমন প্রশ্ন করুন যাতে শুধুমাত্র হ্যাঁ বা না উত্তর না হয়।

(ঘ) প্রদর্শনী শেষে উপসংহার/ সারকথা/ প্রদর্শনীর জরুরি বার্তা প্রদানের জন্যে প্রস্তুতি গ্রহণ করুন।

(ঙ) কুইজে যারা সঠিক উত্তর দিতে পেরেছেন তাদেরকে সাধারণ অথচ প্রয়োজনীয় উপহার প্রদানের জন্যে ব্যবস্থা গ্রহণ করুন।

ত্রৈমাসিক তালিকা একবার চূড়ান্ত হয়ে গেলে তা সঠিকভাবে অনুসরণ করতে হবে। প্রতি সাময়িকীর শুরুতেই ত্রৈমাসিক তালিকার বিস্তারিত কার্যক্রম পরিচালনা করতে হবে।

৫। সংশ্লিষ্ট এইচআই/ এফপিআই-কে পরবর্তী কর্মসূচি সম্পর্কে দুদিন পূর্ব থেকেই স্মরণ করিয়ে দিন এবং প্রস্তুতিমূলক কাজের একটি তালিকা তৈরি করুন (কার্যক্রম-৩ এ বর্ণিত ক–চ পর্যন্ত) যা স্থানীয়ভাবে এইচআই/ এএইচআই/ এফপিআই দ্বারা সম্পন্ন হয়েছে।

৬। প্রদর্শনীর স্থানে যাওয়ার পূর্বে এইচআই/ এফপিআই-কে অবহিত করুন। ট্রাফিক জ্যাম, স্বল্প সময়ের ক্যাম্পেইন এবং নির্ধারিত সময়সূচির কথা বিবেচনায় রেখে একটু আগেভাগেই যাত্রা শুরু করুন।

**খ. প্রদর্শনীকালে-**

**১। প্রদর্শনী স্থানে পৌঁছার পর**

(ক) এফপিআই/ এইচআই-এর সাথে যোগাযোগ করে প্রদর্শনীর স্থান ও উদ্দিষ্ট জনগোষ্ঠী সম্পর্কে জেনে নিন।

(খ) কমিউনিটির জনগণ/ স্থানীয় নেতৃবৃন্দ/ এনজিও/ সরকারি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে উৎসাহিত করুন।

(গ) প্রদর্শনী-সরঞ্জাম প্রস্তুত রাখুন এবং পরীক্ষা করে দেখুন, শ্রোতা-দর্শকদের জন্যে অডিও-ভিডিও-র ছবি পরিষ্কার এবং শব্দ স্পষ্ট ও জোরালো কি-না।

(ঘ) সাথে আনা বিসিসি সামগ্রী/ উপকরণ সাজিয়ে রাখুন।

২। প্রদর্শনীতে অন্য কোনো কাজে আগত উপস্থিত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করুন (যেমন- মনিটরিং কর্মকর্তা)।

৩। সময়মতো প্রদর্শনী শুরু করুন। উষ্ণ স্বাগত বার্তা দিয়ে এবং ভিডিও প্রদর্শনীর উদ্দেশ্য সম্পর্কে দর্শক-শ্রোতাদের জানিয়ে কার্যক্রম শুরু করুন।

৪। প্রদর্শনী শুরুর ২/৩ মিনিটের মধ্যে শ্রোতাদের জিজ্ঞেস করুন তারা ঠিকমতো শুনতে ও দেখতে পাচ্ছেন কি-না। যদি তারা হ্যাঁ বলে তবে প্রদর্শনী অব্যাহত রাখুন, কিন্তু যদি কোনো সমস্যা হয় তাহলে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন।

৫। প্রদর্শনীর মধ্যবর্তী সময়ে একটি বিরতি দিন। দর্শকদের কোনো জিজ্ঞাস্য আছে কি-না, জেনে নিন। দর্শকগণ প্রদর্শনীর প্রতিপাদ্য বুঝতে পেরেছেন কিনা তা জানতে খোলাখুলি প্রশ্ন করুন। ত্বরিতভিত্তিতে দর্শকসংখ্যা গুণে নিন এবং এদের মধ্যে সাধারণ ও উদ্দিষ্ট দর্শক-বিভাজন করে নোট রাখুন।

৬। প্রদর্শনী স্থান ও দর্শকদের ছবি তোলার ব্যবস্থা নিন (এভি ভ্যান ড্রাইভার এ কাজে সহায়তা করতে পারেন)।

৭। চলচ্চিত্র প্রদর্শনী শেষে প্রশ্নোত্তর অধিবেশন শুরু করুন।

(ক) কোনোপ্রকার আবেগ ছাড়াই প্রশ্নগুলোর উত্তর দিন। শ্রোতাদের পক্ষ থেকে উত্থাপিত কোনো প্রশ্নের জবাবে বিচারকসুলভ প্রকাশভঙ্গি প্রদর্শন করা উচিত হবে না। প্রদর্শনীর মূল বার্তা সংক্ষেপে তুলে ধরুন।

(খ) দর্শকের সাথে সাবলীল সংলাপ বিনিময় করুন। যেমন- নির্দিষ্ট একটি আচরণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা বা প্রদর্শনীর একটি চরিত্রের বৈশিষ্ট্য অথবা প্রদর্শিত ভিডিও'র পরিবেশে দর্শক নিজে হলে কী করতেন ইত্যাদি।

৮। প্রদর্শনীর বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্ট কোনো মুদ্রিত বিসিসি উপকরণ থাকলে তা বিতরণ করুন।

৯। সম্ভব হলে, স্থানীয়ভাবে প্রদত্ত সেবা, সেবাকেন্দ্রের অবস্থান, সেবার জন্য প্রেরণযোগ্য সেবাকেন্দ্র এবং কী জাতীয় সেবার জন্যে সাধারণত: সেবাকেন্দ্রে প্রেরণ করা হয় ইত্যাদি বিষয়ে অবহিত করুন।

১০। সেবাদানকারি প্রস্তুত থাকলে সেবা প্রদান করা যেতে পারে।

১১। প্রদর্শনী শেষে ১০ মিনিটের জন্যে একটি সংক্ষিপ্ত কুইজ অধিবেশন শুরু করুন। কুইজ অধিবেশনে শ্রোতাদের জন্যে প্রদর্শনীর বিষয় ও বার্তা সম্পর্কে ৫টি পূর্ব-নির্ধারিত প্রশ্ন থাকবে। শ্রোতাদের মধ্যে যারা সঠিকভাবে উত্তর দিতে সক্ষম হবেন, তাদের সবাইকে পুরস্কৃত করুন। স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে এ ধরনের পুরস্কার প্রদান উৎসাহব্যঞ্জক হবে। খুবই সাধারণ কিন্তু কার্যকর উপহার, যেমন- ধরুন- পেন্সিল, চকলেট, ইরেজার- এসব তাদের মধ্যে খুবই আগ্রহের সৃষ্টি করতে পারে।

১২। শ্রোতা-দর্শকসহ সকলকে ধন্যবাদ জানিয়ে প্রদর্শনী শেষ করুন।

১৩। প্রদর্শনীর সরঞ্জামাদি গুটিয়ে কর্মস্থলে প্রত্যাবর্তন করুন।

**গ. প্রদর্শনীর পরঃ**

১। **প্রজেকশনিস্ট/ এভিওদের প্রতিবেদন** ছক পূরণ করুন।

২। **সুপারভাইজাদের সাথে প্রস্তুতকৃত প্রতিবেদনটি নিয়ে আলোচনা করুন ও ফিডব্যাক নিন** (মনিটরিং ফলাফলসহ) এবং ফিডব্যাক-এর ফলাফল পরবর্তী প্রদর্শনীর জন্যে পরিকল্পনায় অন্তর্ভুক্ত করুন।

*সংযোজনী-২*

# প্রজেকশনিস্ট/ এভিওদের প্রতিবেদন ছক

১। প্রদর্শনীর তারিখ : ..............................

২। প্রদর্শনীর স্থান ও ঠিকানা : ............................. ............................. .............................
............................. ............................. .............................
............................. ............................. .............................
............................. ............................. .............................

৩। এভি ভ্যান প্রদর্শনীর সঙ্গে যুক্ত কর্মকর্তাবৃন্দ :

| ক্রমিক নং | নাম | পদবী * | আগমনের সময় | প্রস্থানের সময় | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

* পদবী: প্রজেকশনিস্ট/ এভিও/ এভিও ভ্যান চালক/ এভিই মেকানিক/ এফপিআই/ এইচআই/ সেবাদানকারি

৪। সরকারি/ বেসরকারি সংস্থা/ স্থানীয় কর্তৃপক্ষ যারা উপস্থিত ছিলেন তাদের তালিকা:

| ক্রমিক নং | নাম | পদবী | আগমনের সময় | প্রস্থানের সময় | মন্তব্য | পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

৫। উদ্দিষ্ট জনগোষ্ঠী: ______________________

৬। উদ্দিষ্ট জনগোষ্ঠীর সংখ্যা: ______________________

৭। সাধারণ জনগোষ্ঠীর সংখ্যা (উদ্দিষ্ট জনগোষ্ঠী ছাড়া): ______________________

৮। প্রদর্শিত ভিডিও সংক্রান্ত তথ্য:______________________

| ক্রমিক নং | প্রদর্শিত ভিডিও'র শিরোনাম | ভিডিও'র প্রকার | প্রধান বিষয়/ প্রতিপাদ্য | স্থিতিকাল (মিনিট) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

৯। দর্শকদের আগ্রহ/ জিজ্ঞাসা:

| ক্রমিক নং | প্রশ্ন |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |
| ৬ | |
| ৭ | |
| ৮ | |

১০। **সেবাপ্রদানকারি প্রদত্ত তথ্য:**________________________________

কী কী সেবার কথা উল্লেখ করা হয়েছে ___________________________

স্থানীয় সেবাকেন্দ্রের ঠিকানা জানানো হয়েছে কি___________________________

কোন কোন সেবার জন্য রেফারেল এর কথা বলা হয়েছে __________________

কোন সেবাকেন্দ্রকে রেফারেল কেন্দ্র হিসাবে বলা হয়েছে __________________

১১। **কুইজ প্রশ্ন:**

| ক্রমিক নং | কুইজ প্রশ্ন | সঠিক উত্তরদাতার সংখ্যা | ভুল উত্তরদাতার সংখ্যা | পুরষ্কার দেওয়া হয়েছে (হ্যাঁ/ না) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |

১২। ক্যাপশনের সঙ্গে ৪-৬ টি ছবি সংযুক্ত করুন, যাতে প্রমাণিত হয় যে এভি ভ্যান প্রদর্শনী হয়েছে। যখন প্রজেকশনিষ্ট/ এভিও প্রদর্শনীর আয়োজন করেন তখন এভি ভ্যান চালক ছবি তুলতে পারেন (বিষয়টি ঐচ্ছিক, কারণ তা নির্ভর করে ডিজিটাল ক্যামেরার সহজলভ্যতার উপর)। এই ছকের নীচে ছবি সংযুক্তির একটি নমুনা দেওয়া হলো।

১৩। **এভি ভ্যান চালক:**

| ক্রমিক নং | কার্যক্রম | হ্যাঁ | না | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | (উপযুক্ত স্থানে টিকচিহ্ন দিন) | | |
| প্রদর্শনীর আগে | | | | |
| ১। | নিরাপদ ও কার্যকরী ড্রাইভিং | | | |
| ২। | সরঞ্জামাদি সঠিকভাবে বোঝাই ও খালাস করা হয়েছে | | | |
| ৩। | সতর্কতার সাথে সরঞ্জাম সেট আপ করা হয়েছে | | | |
| প্রদর্শনী চলাকালীন | | | | |
| ৪। | আলোকচিত্র ও ভিডিও যথাযথভাবে গ্রহণ করা হয়েছে | | | |
| ৫। | প্রয়োজনে সহজে পাওয়া যায় | | | |
| প্রদর্শনীর পর | | | | |
| ৬। | প্রদর্শনী শেষে সরঞ্জাম সতর্কতার সাথে গোছানো হয়েছে | | | |
| ৭। | সরঞ্জাম সতর্কতার সাথে বোঝাই ও খালাস করা হয়েছে | | | |
| ৮। | নিরাপদ ও কার্যকরী ড্রাইভিং | | | |
| সর্বমোট (কতটি টিকচিহ্ন গণনা করা হয়েছে) | | | | |
| চূড়ান্ত গ্রেডিং (সঠিকটি বৃত্তাবৃত করুন: অতি উত্তম/ উত্তম/ নিম্নমান) | | | | |
| স্কোরিং গাইড: <br>* ৭ বা তার বেশি 'হ্যাঁ' = অতি উত্তম (≥ ৯০% স্কোর) <br>* ৫-৬ 'হ্যাঁ' = উত্তম (≥ ৭০% স্কোর) <br>* ৪ বা তার কম 'হ্যাঁ' হলে = নিম্নমান (≤ ৬৯% স্কোর) | | | | |

১৪।	সমস্যা (যদি থাকে):

ক.	কারিগরী

______________________________

______________________________

এভি ভ্যান: সচল/ ত্রুটিযুক্ত/ অকেজো (গোল দাগ দিন)

সরঞ্জামাদি: সচল/ ত্রুটিযুক্ত/ অকেজো (গোল দাগ দিন)

খ.	ব্যবস্থাপনা/ প্রশাসনিক

______________________________

______________________________

গ.	অন্য যে কোন বিষয়:

______________________________

______________________________

১৫।	উন্নতির জন্যে পরামর্শ:

______________________________

______________________________

______________________________

নাম: ______________________ পদবী______________ স্বাক্ষর: ______________ তারিখ:______________

## এভি ভ্যান প্রদর্শনী'র ছবি সংযুক্তির নমুনা–

| | |
|---|---|
| ছবি | ছবি |
| চিত্র ১. ছবিটিতে--------গ্রামে --------মাঠে অনুষ্ঠিত চলচ্চিত্র প্রদর্শনীতে আগত দর্শকদের দেখা যাচ্ছে। | চিত্র ২. ছবিটিতে-------গ্রামে --------মাঠে অনুষ্ঠিত চলচ্চিত্র প্রদর্শনীতে দর্শকদের সাথে কুইজ অনুষ্ঠান দেখা যাচ্ছে। |

## মনিটরিং চেকলিষ্ট

**১। প্রদর্শনীর তারিখ : .............................**

**২। প্রদর্শনীর স্থান ও ঠিকানা : ............................ ............................ ............................**
**............................ ............................ ............................**
**............................ ............................ ............................**
**............................ ............................ ............................**

**৩। এভি ভ্যান প্রদর্শনীর সঙ্গে যুক্ত কর্মকর্তাবৃন্দ :**

| ক্রমিক নং | নাম | পদবী * | আগমনের সময় | প্রস্থানের সময় | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**পদবী: প্রজেকশনিস্ট/ এভিও/ এভিও ভ্যান চালক/ এভিই মেকানিক/ এফপিআই/ এইচআই/ সেবাদানকারি**

**৪। প্রজেকশনিষ্ট/ এভিও কার্যক্রম স্কোর:**

| ক্রমিক নং | কার্যক্রম | হ্যাঁ (উপযুক্ত স্থানে টিকচিহ্ন দিন) | না | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রদর্শনীর আগে ও পরে | | | | |
| ১। | নির্ধারিত সূচি অনুযায়ী অনুষ্ঠান হয়েছে | | | |
| ২। | সময়মতো শুরু হয়েছে | | | |
| ৩। | উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে | | | |
| ৪। | উপযুক্ত সময়ে বিরতি দেয়া হয়েছে | | | |
| ৫। | শ্রোতাদের কাছ থেকে মতামত গ্রহণ করা হয়েছে | | | |
| ৬। | এফপিআই/ এইচআই/ সেবাপ্রদানকারির সঙ্গে ভালো সমন্বয় করা হয়েছে | | | |
| ৭। | সময়মতো প্রদর্শনী শেষ হয়েছে | | | |
| ৮। | নোট গ্রহণ করা হয়েছে | | | |
| ৯। | ঘটনার ছবি তোলা হয়েছে (এভি ভ্যান চালক) | | | |
| ১০। | প্রজেকশনিষ্ট/ এভিওদের প্রস্তুতি বেশ ভালো বলে মনে হয়েছে | | | |
| প্রশ্ন ও উত্তর সেশন | | | | |
| ১১। | শ্রোতাদের প্রতি স্বাগত মনোভাব প্রদর্শন হয়েছে | | | |
| ১২। | শ্রোতাদের উত্তর প্রদান যথাযথ হয়েছে | | | |
| ১৩। | সব প্রশ্নের উত্তর দিয়েছেন | | | |
| ১৪। | প্রশ্ন করার জন্য শ্রোতাদের উদ্দীপিত করা হয়েছে | | | |
| ১৫। | কুইজ পরিচালিত হয়েছে | | | |
| ১৬। | সঠিক উত্তরের জন্য দর্শকদের পুরষ্কৃত করা হয়েছে | | | |
| সর্বমোট (কতোটি টিকচিহ্ন গণনা করা হয়েছে) | | | | |
| চূড়ান্ত গ্রেডিং (সঠিকটি বৃত্তাবৃত করুন: অতি উত্তম/ উত্তম/ নিম্নমান) | | | | |

স্কোরিং গাইড:

* ১৪ বা তার বেশি 'হ্যাঁ' = অতি উত্তম (≥ ৯০% স্কোর)
* ১১-১৩ 'হ্যাঁ' = উত্তম (≥ ৭০% স্কোর)
* ১০ বা তার কম 'হ্যাঁ' হলে = নিম্নমান (≤ ৬৯% স্কোর)

৫।	সেবাপ্রদানকারির প্রদত্ত তথ্য (যদি থাকে): (যথাস্থানে টিক দিন)

| ক্রমিক নং | বিষয় | প্রদত্ত তথ্য | |
|---|---|---|---|
| | | হ্যাঁ | না |
| ১ | স্থানীয় সেবাকেন্দ্রের ঠিকানা জানানো হয়েছে কি? | | |
| ২ | সেবার কথা উল্লেখ করা হয়েছে কি? | | |
| ৩ | সেবার জন্য রেফারেল এর কথা বলা হয়েছে কি? | | |
| ৪ | রেফারেল সেবাকেন্দ্রের ঠিকানা বলা হয়েছে কি? | | |

৬।	সমস্যা (যদি থাকে):

ক.	কারিগরী

________________________________________

________________________________________

এভি ভ্যান: সচল/ ত্রুটিযুক্ত/ অকেজো (গোল দাগ দিন)

সরঞ্জামাদি: সচল/ ত্রুটিযুক্ত/ অকেজো (গোল দাগ দিন)

খ.	ব্যবস্থাপনা/ প্রশাসনিক

________________________________________

________________________________________

গ.	অন্য যে কোন বিষয়:

________________________________________

________________________________________

৭।	উন্নতির জন্যে পরামর্শ:

________________________________________

________________________________________

________________________________________

৮।	কর্মসম্পাদন সারাংশ:

| ক্রমিক নং | নাম | পদবী | কর্মসম্পাদন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | | প্রজেকশনিষ্ট/ এভিও | | |

১ = অতি উত্তম; ২ = উত্তম; ৩ = নিম্নমান

মনিটরিং কর্মকর্তার নাম:____________________ পদবী:____________ স্বাক্ষর: ________

মোবাইল নং: ____________	রিপোর্টিং তারিখ:____________

*সংযোজনী : ৪*

## এভি ভ্যান প্রদর্শনীর মাসিক অগ্রগতির প্রতিবেদন

ইউনিট/ প্রতিষ্ঠান ________________________________

মাস : ________________________ বছর : ______________

প্রতিবেদনে ব্যবহারের জন্য সংকেতসমূহ-

| | |
|---|---|
| **P:** প্রজেকশনিষ্ট<br>**D:** ড্রাইভার | **AV:** অডিও ভিজ্যুয়াল |
| **M:** মনিটরিং কর্মকর্তা | **W:** ওয়ার্কিং |
| **Y:** হ্যাঁ | **D:** ত্রুটিপূর্ণ, কিন্তু ব্যবহারযোগ্য |
| **N:** না | **NW:** সচল নয় |

| ক্রমিক নং | জোন | প্রদর্শনীর লক্ষ্যমাত্রা (সংখ্যা) | সম্পাদিত লক্ষ্যমাত্রা (সংখ্যা) | সম্পাদিত প্রদর্শনী (স্থান) | নাম-<br>১। প্রজেকশনিস্ট/ এভিও<br>২। এভি ভ্যান চালক | প্রজেকশনিস্ট/ এভিও প্রতিবেদন দাখিল করা হয়েছে (হ্যাঁ/ না) | মনিটরিং চেকলিষ্ট দাখিল করা হয়েছে (হ্যাঁ/ না) | মনিটরিং অফিসারের নাম | কর্মসম্পাদন স্কোর (প্রজেকশনিস্ট/ এভিও/ এভি ভ্যান চালক) | এভি ভ্যান: সচল/ ত্রুটিযুক্ত/ অকেজো | সরঞ্জাম: সচল/ ত্রুটিযুক্ত/ অকেজো | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | |

নাম: ____________________ পদবী____________________ স্বাক্ষর: ____________ তারিখ:____________

মাঠ পর্যায়ে এভি ভ্যান প্রদর্শনীর সফল ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিতকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য শিক্ষা ব্যুরো ও জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট এর সহায়তায় 'এভি ভ্যান শো বাস্তবায়ন, প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস্' টি ইউএসএআইডি'র অর্থায়নে হেলথ কমিউনিকেশন ক্যাপাসিটী কোলাবরেটিভ (HC3) গ্লোবাল প্রজেক্টের আওতায় বাংলাদেশ নলেজ ম্যানেজমেন্ট ইনেশিয়েটিভ (বিকেএমআই) কর্তৃক ২০১৬ সালে প্রণীত।